ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৫০৮

সোনামুড়া, ১০ জুলাই, ২০২৬

**সোনামুড়া মহকুমা হাসপাতালে প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান উপলক্ষে বিশেষ কর্মসূচি অনুষ্ঠিত**

মেলাঘরস্থিত সোনামুড়া মহকুমা হাসপাতালে গতকাল প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান উপলক্ষে একটি বিশেষ কর্মসূচির আয়োজন করা হয়। নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করা এবং গর্ভবতী মায়েদের উন্নতমানের প্রসবপূর্ব স্বাস্থ্য পরিষেবা প্রদানের লক্ষ্যে এই কর্মসূচি আয়োজিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায়, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. সুব্রত দাস এবং বিশিষ্ট স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডা. রজত গোস্বামী। এদিন ডা. গোস্বামী উপস্থিত গর্ভবতী মহিলাদের স্বাস্থ্য পরীক্ষা করেন ও প্রয়োজনীয় পরামর্শ দেন। এছাড়াও এই কর্মসূচিতে হাসপাতালের চিকিৎসক, নার্স, আশা কর্মী, স্বাস্থ্য কর্মী এবং অন্যান্য কর্মীগণ উপস্থিত থেকে কর্মসূচির সফল বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। অনুষ্ঠানের অঙ্গ হিসেবে আগত গর্ভবতী মায়েদের পুষ্টির গুরুত্ব বিবেচনা করে দুধ, ফল, মিষ্টি ও পানীয়জল তাদের মধ্যে বিতরণ করা হয়। এই উদ্যোগের মাধ্যমে গর্ভবতী মায়েদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা, ঝুঁকিপূর্ণ গর্ভাবস্থা দ্রুত সনাক্তকরণ এবং নিরাপদ মাতৃত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে আরও এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

******